

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর  
গান্ধীঘাট :আগরতলা

নং.এফ.৭৬(৩৭)-আই.সি.এ/২০২২/কাল/

তারিখ, আগরতলা ২৭ সেপ্টেম্বর, ২০২২

বিজ্ঞপ্তি

### মায়ের গমন ও শারদ সম্মান ২০২২

ত্রিপুরা সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই প্রথম রাজ্যে 'মায়ের গমন' ও 'শারদ সম্মান' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

#### মায়ের গমন

সার্বজনীন শারদ উৎসবকে স্মরণীয় করে রাখতে দুর্গা পূজার প্রতিমা নিরঞ্জনকে কেন্দ্র করে 'মায়ের গমন' (কার্নিভাল) নামে বর্ণাত্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

- মায়ের গমন অনুষ্ঠানটি ৭ অক্টোবর, ২০২২ আগরতলার সিটি সেন্টারের সামনে অনুষ্ঠিত হবে।
- মায়ের গমন অনুষ্ঠানে অংশগ্রহণকারী ক্লাব/পুজো কমিটিগুলির মধ্য থেকে নির্বাচিত শ্রেষ্ঠ ৩টি ক্লাব/পুজো কমিটিকে পূরক্ষ্য করা হবে।
- রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে 'মায়ের গমন' অনুষ্ঠানটি উপভোগ করার জন্য সরাসরি সম্পূর্ণারের ব্যবস্থা করা হবে।
- মায়ের গমন অনুষ্ঠানে আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের যেসকল ক্লাব/পুজো কমিটিগুলি অংশগ্রহণ করবে তাদের আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রধান কার্যালয়ে নাম নথিভুক্ত করার জন্য অনুরোধ করা হচ্ছে।  
ক্লাব/পুজো কমিটির নাম, সভাপতি ও সচিবের নাম, যোগাযোগের জন্য মোবাইল নম্বর সহ  
icaculturesection@gmail.com এই মেইলে নাম নথিভুক্ত করা যাবে।

#### শারদ সম্মান ২০২২

শারদ সম্মানে নিম্নলিখিত বিষয়ে ক্লাব/পুজো কমিটিগুলিকে শ্রেষ্ঠত্বের নিরিখে পূরক্ষার প্রদান করা হবে।

ক্রমিক নং	আগরতলা ও তার পার্শ্ববর্তী ক্লাব/পুজো কমিটির জন্য নির্ধারিত বিষয়	জেলাস্তরের ক্লাব/পুজো কমিটির জন্য নির্ধারিত বিষয়
১	শ্রেষ্ঠ থিম সম্বলিত পুজো	শ্রেষ্ঠ থিম সম্বলিত পুজো
২	শ্রেষ্ঠ পরিবেশবান্ধব পুজো	শ্রেষ্ঠ পরিবেশবান্ধব পুজো
৩	শ্রেষ্ঠ মন্ডপসজ্জা বিশিষ্ট পুজো	শ্রেষ্ঠ মন্ডপসজ্জা বিশিষ্ট পুজো
৪	শ্রেষ্ঠ নিয়মানুবর্তী পুজো	শ্রেষ্ঠ নিয়মানুবর্তী পুজো
৫	সামাজিক কাজের নিরিখে শ্রেষ্ঠ পুজো	সামাজিক কাজের নিরিখে শ্রেষ্ঠ পুজো
৬	বড় বাজেটে শ্রেষ্ঠ পুজো	---

#### নিয়মাবলী :

- দপ্তর কর্তৃক নিযুক্ত নির্বাচক মন্ডলী বিভিন্ন ক্লাব/পুজো কমিটির পুজো মন্ডপ পরিদর্শন করে বিভিন্ন বিষয়ে শ্রেষ্ঠ ক্লাব/পুজো কমিটিগুলিকে নির্বাচন করবেন।
- কেন্দ্রীয়ভাবে আগরতলা ও তার পার্শ্ববর্তী ক্লাব/পুজো কমিটিগুলিকে উপরে দেওয়া নির্ধারিত ৬টি বিষয়ের প্রত্যেকটিতেই প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পূরক্ষার প্রদান করা হবে।
- জেলাস্তরে উপরে উল্লেখিত ৫টি বিষয়ের প্রত্যেকটিতে শ্রেষ্ঠ স্থানাধিকারী ১ টি করে ক্লাব/পুজো কমিটিকে পূরক্ষ্য করা হবে।
- জেলাস্তরে জেলাভিত্তিক নির্বাচকমন্ডলী সংরক্ষিত জেলার (পশ্চিম জেলা ব্যতীত) বিভিন্ন ক্লাব/পুজো কমিটিরপুজো মন্ডপ পরিদর্শন করে বিভিন্ন বিষয়ে শ্রেষ্ঠক্লাব/পুজো কমিটি নির্বাচন করবেন।
- শারদ সম্মাননা প্রদান অনুষ্ঠান কেন্দ্রীয়ভাবে আগরতলায় অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে কেন্দ্রীয়ভাবে আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের নির্বাচিত ক্লাব/পুজোগুলিসহ জেলাস্তরের শ্রেষ্ঠ স্থানাধিকারী সমস্ত নির্বাচিত ক্লাব/পুজো কমিটিগুলিকেও পূরক্ষার প্রদান করা হবে।
- শারদ সম্মাননা প্রদান অনুষ্ঠানে মায়ের গমন-এর নির্বাচিত শ্রেষ্ঠ ৩টি ক্লাব/পুজো কমিটিকেও পূরক্ষ্য করা হবে।

১০/১০/১০৯/২  
(২৫x৪)

অধিকর্তা  
তথ্য ও সংস্কৃতি দপ্তর  
ত্রিপুরা সরকার